

ম্লাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮  
(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস (আধুনিক যুগ)

কোর্স পি.জি - ২.১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব - ক

১. আঠারো শতকের শেষভাগ থেকে কলকাতায় নতুন বসবাসকারী জমিদার-বেনিয়া-মুৎসুদিদের ঘিরে যে সংস্কৃতি গড়ে উঠেছিল তার কি কোনো বিশেষ অভিমুখ ছিল? আলোচনা করো। এই ধরনের সংস্কৃতির ক্ষণ সহায়িত্বের সম্ভাব্য কারণগুলি উল্লেখ করো। ১০

অথবা

২. উনিশ শতকের বাংলা সাহিত্যে জাতীয়তাবাদের নানা লক্ষণ ফুটে উঠেছে। উদাহরণসহ যে কোনো দুটি লক্ষণ আলোচনা করো। ১০

৩. উনিশ শতকে বাঙালি নারীর সামাজিক লিঙ্গরূপ নির্মাণে স্ত্রীশিক্ষার ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

( 2 )

৪. উনিশ শতকের বাঙালি মেয়েরা তাঁদের সাহিত্যে ‘যাপিত জীবন’ এর পাশাপাশই তুলে আনছিলেন তাঁদের প্রতিবাদ প্রতিরোধের কথাও। উদাহরণ সহযোগে বিয়টি আলোচনা করো। ১০

৫. বাংলা গদ্দের মান্যায়নে ফোর্ট উইলিয়ম কলেজের অধ্যাপকদের কতখানি অবদান ছিল, তা উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো। ১০

**অথবা**

৬. উনিশ শতকে মুসলমান বাঙালি মধ্যবিত্ত শ্রেণির বিলম্বিত আত্মপ্রকাশের কারণ সংক্ষেপে আলোচনা করো। আত্মপরিচয়ের অনুসন্ধান কীভাবে বিশ শতকের মুসলমান বাঙালি লেখকের রচনায় গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল তা প্রাসঙ্গিক রচনার দৃষ্টান্তে আলোচনা করো। ১০

**পর্ব - খ**

৭. বাংলার রাজনৈতিক চেতনার ইতিহাসে শুধু নয় সাহিত্য সংস্কৃতির ইতিহাসে ও বঙ্গভঙ্গ প্রতিরোধ আন্দোলনকে গুরুত্বপূর্ণ মনে করা হয়। একটি তথ্যপূর্ণ আলোচনায় এর কারণ বিশ্লেষণ করো। ১০

**অথবা**

৮. রবীন্দ্রনাথের উপন্যাসে বিশ শতকের তৃতীয় দশক পর্যন্ত বাঙালির মনোজগৎ কীভাবে প্রতিফলিত হয়েছে? একটি সংক্ষিপ্ত প্রবন্ধে তোমার মত জানাও। ১০

( 3 )

৯. শরৎচন্দ্র ও জগদীশ গুপ্তর উপন্যাসে কি একধরনের পরম্পরাবিরোধী বাস্তবতার ছবি ফুটে ধরেছিল? দুই উপন্যাসিকের শিল্পাদ্ধতির তুলনা করে একটি প্রবন্ধ লেখো। ১০

**অথবা**

১০. তারাশঙ্কর-বিভূতিভূষণ-মাণিক এই তিনি বন্দ্যোপাধ্যায়ের কথাবিষ্ণু বাংলা সাহিত্যে কী কী নতুন অভিজ্ঞতা নিয়ে এসেছিল আলোচনা করো। ১০

১১. সতীনাথ ভাদুড়ি সক্রিয় রাজনীতিতে অংশ নিয়েছিলেন। তাঁর উপন্যাসের সামাজিক ও রাজনৈতিক বাস্তবতা কি কোনো নতুন প্রতিশ্রূতি এনেছিল? বিশদ আলোচনা করো। ১০

**অথবা**

১২. রবীন্দ্রনাথের পর জীবনানন্দ দাশ'কেই কি বাংলা কবিতার সর্বাধিক গুরুত্বপূর্ণ কবি হিসেবে চিহ্নিত করা যায়? তোমার অভিমত জানাও। ১০

— X —